# উপজেলা পরিষদ কার্যালয়
# সিলেট সদর, সিলেট ।

সিলেট সদর উপজেলার ৬ষ্ঠ পরিষদের ৪র্থ মাসিক সাধারণ সভার কার্যবিবরণীঃ-

সভাপতি : মিজ্ নাছরীন আক্তার, প্রশাসক, উপজেলা পরিষদ ও উপজেলা নির্বাহী অফিসার, সিলেট সদর, সিলেট ।
তারিখ : ১৮-০৯-২০২৪ খ্রিঃ ।
সময় : সকাল ১১.০০ ঘটিকায় ।

সভায় উপস্থিতি ও অনুপস্থিতি ঃ পরিশিষ্ট 'ক' দ্রষ্টব্য।

সভায় সভাপতি উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার শুরু করেন। অতঃপর বিস্তারিত আলোচনান্তে নিম্নরূপ সিদ্ধান্ত গৃহীত হয়।

| ক্রমিক নং | বিভাগের নাম | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নে |
|---|---|---|---|---|
| ০১ | বিগত সভার কার্যবিবরণি পাঠ ও অনুমোদন। | সভায় উপজেলা নির্বাহী অফিসার উপস্থিত সবাইকে স্বাগত জানান। অতপর বিগত সভার কার্যবিবরণি সভায় পাঠ করে শুনান। বিগত সভার কার্যবিবরণির বিষয়ে সভায় বিস্তারিত আলোচনা হয়। | বিগত সভার কার্যবিবরণিতে কোন সংশোধনী না থাকায় তা সর্বসম্মতিক্রমে অনুমোদিত এবং দৃঢ়ীকরণ করা হয়। | প্রশাসক উপজেলা পরিষদ/উপজেলা নির্বাহী অফিসার |
| ০২ | | বিভাগীয় অগ্রগতি পর্যালোচনাঃ- | | |
| ২.১ স্থানীয় সরকার প্রকৌশল বিভাগ | | (ক) আলোচনার শুরুতে উপজেলা প্রকৌশলী, সিলেট সদর, সিলেট জানান পিডিপি-৪, ইউজিডিপি, জিওবি, বন্যা পুর্ণবাসন রাস্তা সহ বিভিন্ন প্রকল্পের কার্যক্রম স্বাভাবিক ভাবে চলছে।<br><br>(খ) আলোচনাকালে তিনি আরোও জানান, বার্ষিক উন্নয়ন কর্মসূচীর(এডিপি)এখন কোন থোক বরাদ্দ আসেনাই । সকল ইউনিয়ন পরিষদ চেয়ারম্যানদেরকে রাজস্ব উদ্বৃত্ত ১,৮০,০০,০০০/-(এক কোটি আঁশি লক্ষ) এবং সম্ভাব্য থোক বরাদ্দ=৯০,০০,০০০/- (নব্বই লক্ষ)টাকার বরাদ্দ সহ সর্বমোট=২,৭০,০০,০০০/-(দুই কোটি সত্তর লক্ষ) হতে পারে। এ ব্যাপারে গত অর্থবছরের বিভাজন মোতাবেক প্রকল্প দাখিল করার জন্য অনুরোধ জানান। | ১.১) পিডিপি-৪, ইউজিডিপি, জিওবি, বন্যা পুর্ণবাসন রাস্তা সহ বিভিন্ন প্রকল্পের কার্যক্রম অব্যাহত রাখার সিদ্ধান্ত গৃহীত হয় ।<br><br>১.৪) বার্ষিক কর্মসম্পাদন চুক্তি(এপিএ) অনুযায়ী এবং সাধারণ জনগনের চাহিদার ভিত্তিতে প্রকল্প গ্রহণ করতে হবে ।টেকসই উন্নয়ন পরিকল্পনা গ্রহণ করতে হবে । বিধি মোতাবেক প্রকল্প গ্রহণ, বাছাই ও অনুমোদন করতে হবে । | প্রশাসক, উপজেলা পরিষদ /উপজেলা নির্বাহী অফিসার/ উপজেলা প্রকৌশলী, সিলেট সদর, সিলেট । |
| ২.২ স্বাস্থ্য বিভাগ | | উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তার প্রতিনিধি জানান বিভাগীয় কার্যক্রম স্বাভাবিক ভাবে চলছে ।<br>তিনি জানান, কমিউনিটি পর্যায়ে ০৯ বছর হতে ১৪ বছর বয়সী কিশোরী এবং বিদ্যালয় পর্যায়ে ৫ম শ্রেনী হতে ৯ম শ্রেনী পর্যন্ত সকল ছাত্রীদের এইচপিভি(জরায়ুর মুখের ক্যান্সার প্রতিরোধক) টিকা দেওয়ার প্রোগ্রাম হাতে নেয়া হয়েছে । এ ব্যাপারে জেলা পর্যায়ে অরিয়েন্টেশন সভা সমাপ্ত হয়েছে । উপজেলা পর্যায়ে ওরিয়েন্টেশন করার মন্ত্রনালয় থেকে কোন নির্দেশনা পাওয়া যায়নি । নির্দেশনা পাওয়ামাত্রই ইহা বাস্তবায়নের জন্য সংশ্লিষ্ট বিভাগ নিয়ে ওরিন্টেশন কার্যক্রম সম্পন্ন করা হবে।<br>তিনি জানান, ওসমানী আন্তর্জাতিক বিমানবন্দর সিলেট এ মেডিকেল টিম এর মাধ্যমে মাংকি পেক্স স্কেনিং কার্যক্রম চালু রয়েছে। বিগত ২০/০৮/২০২৪ ইং তারিখ হতে ১৬/০৯/২০২৪ ইং তারিখ পর্যন্ত মোট ১১,১২৪ জন কে স্কেনিং করা হয় ।কোন পজেটিভ রোগী পাওয়া যায়নি।<br>তিনি আরোও জানান, জাইকা প্রকল্পের অর্থায়নে সিলেট সদর উপজেলার ১৭টি কমিউনিটি ক্লিনিকের জন্য ৫৩ টি অক্সিজেন সিলিন্ডার ও অক্সি মিটার ক্রয় করা হয় ।এর মধ্যে ৩৪ টি ৩১ শয্যা মিশিষ্ট খাদিমপাড়া হাসপাতাল এর ষ্টোরে এবং ১৯টি উপজেলা পরিষদ হলরুমে সংরক্ষিত রয়েছে। উপজেলা পরিষদের সিদ্ধান্ত মোতাবেক বন্টন করার প্রস্তাব উপস্থাপন করেন। | ১.১)বিভাগীয় কার্যক্রম অব্যাহত রাখতে হবে ।<br>১.২) এইচপিভি ভ্যাকসিন প্রদান কার্যক্রমে সুষ্ঠ পরিকল্পনা গ্রহণ করতে হবে ।<br>১.৩। মাংকি পক্স স্কেনিং কার্যক্রম চলমান রাখতে হবে।<br>১.৪। উপজেলা পরিচালন ও উন্নয়ন প্রকল্পের আওতায় সিলেট সদর উপজেলা কমিউনিটি ক্লিনিকে প্রদানের লক্ষ্যে ক্রয়কৃত ৫৩টি অক্সিজেন সিলিন্ডারগুলোর মধ্যে বাংলাদেশ পরিবার পরিকল্পনা সমিতির সিলেট শাখা ক্লিনিকের প্রাপ্ত আবেদনের প্রেক্ষিতে উক্ত প্রতিষ্ঠানে ০৫টি এবং ইউনিয়ন পরিবার কল্যান কেন্দ্রকে ০৫ টি প্রদানের সিদ্ধান্ত গৃহীত হয় এছাড়া শহীদ শামছু-উদ্দিন হাসপাতাল ও সিলেট এম এ জি ওসমানী মেডিকেল কলেজ ও হাসপাতাল থেকে চাহিদা গ্রহণের সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তা,সিলেট সদর, সিলেট ও সংশ্লিষ্ট সকল । |

<table>
<tr>
<td>২.৩<br>মাধ্যমিক<br>শিক্ষা বিভাগ</td>
<td>আলোচনাকালে উপজেলা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তা, সিলেট সদর, সিলেট বিগত সভার কার্যবিবরণীর মাধ্যমিক শিক্ষা বিভাগের আলোচনার আংশিক সংশোধনের প্রস্তাব করেন ।তিনি জানান বিভাগীয় কার্যক্রম স্বাভাবিক ভাবে চলছে। তিনি জানান সরকার মাধ্যমিক পর্যায়ে সকল বেসরকারি স্কুলের গর্ভনিং বডি ও ম্যানেজিং কমিটির সভাপতিকে অপসারণ করেছে এখন সভাপতি উপজেলা নির্বাহী অফিসার স্যার ।তিনি সকল ইউপি চেয়ারম্যানদের মাধ্যমিক পর্যায়ের স্কুলগুলোর শ্রেণী কার্যক্রম ইত্যাদি পরিদর্শন করার অনুরোধ জানান ।</td>
<td>১)মাধ্যমিক পর্যায়ের স্কুল কলেজ গুলোর ক্লাস শুরু করতে হবে, শিক্ষকগনের নিয়মিত উপস্তিতি ও ক্লাস পরিচালনা তদারকি করবেন এবং সকল ইউনিয়ন পরিষদ চেয়ারম্যানবৃন্দ পরিদর্শন করে পরিদর্শন খাতায় মন্তব্য লিখতে হবে ।</td>
<td>উপজেলা মাধ্যমি<br>শিক্ষা কর্মকর্তা<br>সংশ্লিষ্ট সকল ।</td>
</tr>
<tr>
<td>২.৪<br>প্রাথমিক<br>শিক্ষা<br>বিভাগ</td>
<td>উপজেলা প্রাথমিক শিক্ষা কর্মকর্তা, সিলেট সদর, সিলেট সভায় জানান বিভাগীয় কার্যক্রম স্বাভাবিক ভাবে চলছে ।তিনি জানান, বেসরকারি প্রাথমিক বিদ্যালয়ে নিবন্ধন বিধিমালা ২০২৩ এর আলোকে সিলেট সদর উপজেরার সকল বেসরকারি প্রাথমিক বিদ্যালয়কে নিবন্ধনের আলোকে নিবন্ধন নিতে হবে অথবা নবায়ন করতে হবে । প্রত্যেক ইউনিয়নের অর্ন্তভূক্ত সকল বেসরকারি প্রাথমিক বিদ্যালয়কে নিবন্ধনের আওতায় আনার জন্য চেয়ারম্যান সকল ইউনিয়ন পরিষদ প্রয়োজনীয় উদ্যোগ গ্রহণের জন্য অনুরোধ জানান ।<br>তিনি উপজেলা শিক্ষা কমিটির এডহক কমিটি গঠনের পরিপত্র উপস্থাপন করেন ।</td>
<td>১.১) প্রাথমিক বিদ্যালয় গুলো ক্লাস শুরু, পাঠদান কার্যক্রম, স্কুল ছুটির বিষয়গুলো তদারকি করতে হবে এ বিষয়ে পরিকল্পনা প্রণয়নের সিদ্ধান্ত গৃহীত হয় ।</td>
<td>উপজেলা শিক্ষ<br>কর্মকর্তা, সিলে<br>সদর, সিলেট ।</td>
</tr>
<tr>
<td>২.৫ দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ বিভাগ</td>
<td>উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা, সিলেট সদর, সিলেট জানান চলতি বছরে নুতন কোন বরাদ্দ পাওয়া যায়নি । এছাড়া বিভাগীয় কার্যক্রম স্বাভাবিক ভাবে চলছে৷<br>অদ্য সভার সভাপতি ও উপজেলা নির্বাহী অফিসার জানান, দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রান বিভাগের আওতায় বিগত বছরের উন্নয়ন কার্যক্রম পর্যবেক্ষনের প্রস্তাব উপস্থাপন করেন ।</td>
<td>১.১। সভায় সর্বসম্মতিক্রমে দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রান বিভাগের আওতায় বিগত বছরের উন্নয়ন কার্যক্রম পর্যবেক্ষনের জন্য কমিটি গঠনের সিদ্ধান্ত গৃহীত হয় ।<br>উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা-আহবায়ক, সংশ্লিষ্ট ট্যাগ অফিসার সদস্য, উপজেলা কৃষি কর্মকর্তা-সদস্য, উপজেলা প্রকৌশলী –সদস্য<br>উল্লেখ্য উপকারভোগী যাচাইয়ের ক্ষেত্রে সংশ্লিষ্ট ইউনিয়ন পরিষদ চেয়ারম্যান বরাবর প্রেরণ করে যাচাই করতে হবে ।</td>
<td>উপজেলা প্রকল্প<br>বাস্তবায়ন<br>কর্মকর্তাও<br>সংশ্লিষ্ট সকল</td>
</tr>
<tr>
<td>২.৬ পরিবার পরিকল্পনা বিভাগ</td>
<td>উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তা, সিলেট সদর ,সিলেট সভায় জানান, জালালাবাদ ইউনিয়ন পরিবার পরিকল্পনা কেন্দ্রটি অনিরাপদ, কিছুদিন আগে চুরি হয়েছে ।তিনি উক্ত প্রতিষ্ঠানে রাত্রিবেলা নিরাপত্তা ব্যবস্থা গ্রহণের জন্য সংশ্লিষ্ট ইউনিয়ন পরিষদ চেয়ারম্যান এর দৃষ্টি আকর্ষন করেন ।</td>
<td>১.১। জালালাবাদ ইউনিয়ন পরিবার পরিকল্পনা কেন্দ্রে রাত্রিবেলা গ্রামপুলিশদের মাধ্যমে নিরাপত্তা প্রদানের সিদ্ধান্ত গৃহীত হয় ।</td>
<td>উপজেলা পরিবার<br>পরিকল্পনা কর্মকর্তা<br>ও সংশ্লিষ্ট সকল,<br>সিলেট সদর, সিলেট</td>
</tr>
<tr>
<td>২.৭ কৃষি বিভাগ</td>
<td>উপজেলা কৃষি কর্মকর্তা, সিলেট সদর, সিলেট জানান, প্রণোদনা কর্মসূচীর আওতায় নিম্নে উল্লেখিত বরাদ্দ পাওয়া গিয়েছে,আগামীকাল বিতরণ করা হবে ।
<table>
<tr><th>ক্র:</th><th>ফসলের নাম</th><th>সংখ্যা</th><th>উপকরণ</th></tr>
<tr><td>০১</td><td>শীতকালীন শাকসবজি</td><td>৩৮০</td><td>৮প্রকার শীতকালীন শাকসবজি ও নগদ অর্থ ১০০০ টাকা</td></tr>
<tr><td>০২</td><td>গম</td><td>৩০</td><td>২০ কেজি বীজ ১০ কেজি ডিএপি, ১০ এমওপি</td></tr>
<tr><td>০৩</td><td>ভূট্টা</td><td>৪০</td><td>২ কেজি বীজ ১০ কেজি ডিএপি, ১০ এমওপি</td></tr>
<tr><td>০৪</td><td>সূর্যমূখি</td><td>৬০</td><td>০১ কেজি বীজ ১০ কেজি</td></tr>
</table>
</td>
<td>১.১। প্রণোদনা কর্মসূচীর আওতায় প্রাপ্ত বরাদ্দ ইউপি চেয়ারম্যানদের সাথে সমন্বয় করে বিতরণ নিশ্চিত করতে হবে ।<br>১.২। ইউনিয়ন পরিষদ চেয়ারম্যান (সকল) সার ও বীজের দোকান মনিটরিং করবেন ।<br>১.৩। খুচরা বিক্রেতা নিয়োগের আবেদন গ্রহণের সিদ্ধান্ত গৃহীত হয় ।<br>১.৪। রোপা আমন ও রবি মৌসুমের লক্ষ্যমাত্রা অর্জনে সকলকে সচেষ্ট থাকতে হবে ।</td>
<td>উপজেলা কৃষি<br>কর্মকর্তা ও<br>সংশ্লিষ্ট সকল,<br>সিলেট সদর,<br>সিলেট</td>
</tr>
</table>

| | | | |
|---|---|---|---|
| | | | ডিএপি, ১০ এমওপি |
| ০৫ | সরিষা | ৩০০ | ০১ কেজি বীজ ১০ কেজি ডিএপি, ১০ এমওপি |
| ০৬ | শীতকালীন পেঁয়াজ | ২০ | ০১ কেজি বীজ ১০ কেজি ডিএপি, ১০ এমওপি |
| ০৭ | চিনাবাদাম | ১০ | ১০ কেজি বীজ ১০ কেজি ডিএপি, ০৫ এমওপি |
| ০৮ | অড়হড় | ৪০ | ০১ কেজি বীজ ০৫ কেজি ডিএপি, ০৫ এমওপি |
| ০৯ | মুগ | ১০ | ০৫ কেজি বীজ ১০ কেজি ডিএপি, ০৫ এমওপি |

তিনি আরোও জানান, ২০৭ মে:টন ইউরিয়া, ৩১ মে:টন টিএসপি, ৪৪ মে:টন এমওপি, ৫মে:টন ডিএপি সার মজুদ আছে ।সার উত্তোলন চলমান বর্তমানে সারের কোন ঘাটতি নেই । রোপা আমন ধানের আবাদ লক্ষ্যমাত্রা ১০৮৫ হেক্টর এছাড়া রবি মৌসুমের ফসল আবাদের লক্ষ্যমাত্রা নির্ধারণ করা হয়েছে এবং ব্লক পরিকল্পনা অনুযায়ী বাস্তবায়নের পদক্ষেপ গ্রহণ করা হচ্ছে ।

| | | | |
|---|---|---|---|
| ২.৮ মৎস্য বিভাগ | উপজেলা সিনিয়র মৎস কর্মকর্তা সিলেট সদর, সিলেট সভায় উপস্থিত না থাকায় এ বিভাগ সম্পর্কে অবহিত হওয়া যায়নি। | ১.১। সভায় নিয়মিত উপস্থিত থাকতে হবে। | উপজেলা কর্মকর্তা সংশ্লিষ্ট সিলেট সিলেট । |
| ২.৯ প্রাণিসম্পদ বিভাগ | উপজেলা প্রাণিসম্পদ কর্মকর্তা, সিলেট সদর, সিলেট জানান মহিষের কৃত্রিম প্রজননের জন্য স্থান নির্ধারণের প্রস্তাব উপস্থাপন করেন ।এছাড়া তিনি মাশকালাইয়ের খোসা না ফেলে খামারিদের প্রদানের প্রস্তাব করেন কারণ মাশকালাইয়ের খোসা অন্যতম গো খাদ্য । | ১.১) মহিষের কৃত্রিম প্রজননের স্থান নির্ধারণে ইউনিয়ন পরিষদ চেয়ারম্যানদের সাথে সমন্বয় করে স্থান নির্ধারণ করতে হবে । | উপজেলা প্রাণিসম্পদ ক সিলেট সদর, |
| ২.১০ সমাজ সেবা বিভাগ | প্রতিনিধি, উপজেলা সমাজসেবা কর্মকর্তা, সিলেট সদর, সিলেট জানান সমাজসেবা বিভাগের বয়স্ক ভাতা, বিধবা ভাতা, অসচ্ছল প্রতিবন্ধি ভাতা, প্রতিবন্ধী শিক্ষা উপবৃত্তি, অনগ্রসর ভাতা তালিকা ইউনিয়ন পরিষদে প্রেরণ করা হচ্ছে । প্রেরিত তালিকায় মৃত/নিরুদ্দেশ/ স্থান ত্যাগ/মোবাইল নম্বরে সমস্যা ইত্যাদি যাচাই বাছাই শেষে ০৩ (তিন) কর্ম দিবসের মধ্যে ফেরত প্রদানের জন্য সংশ্লিষ্ট ইউনিয়ন পরিষদ চেয়ারম্যানদের অনুরোধ জানান। | ১.১) বয়স্ক ভাতা, বিধবা ভাতা, অসচ্ছল প্রতিবন্ধি ভাতা, প্রতিবন্ধী শিক্ষা উপবৃত্তি, অনগ্রসর ভাতা তালিকায় মৃত/নিরুদ্দেশ/ স্থান ত্যাগ/মোবাইল নম্বরে সমস্যা ইত্যাদি যাচাই বাছাই শেষে ০৩ (তিন) কর্ম দিবসের মধ্যে দাখিলের সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা সমাজসেবা কর্মকর্তা সংশ্লিষ্ট স সিলেট স সিলেট । |
| ২.১১ মহিলা বিষয়ক বিভাগ | প্রোগ্রাম অফিসার, মহিলা বিষয়ক অধিদপ্তর, সিলেট সভায় উপস্থিত না থাকায় এ বিভাগ সম্পর্কে অবহিত হওয়া যায়নি। | ১.১। সভায় নিয়মিত উপস্থিত থাকতে হবে। | উপ-পরিচালক, জেলা মহিলা বি কর্মকর্তা ও স সকল, সিলেট |
| ২.১২ জনস্বাস্থ্য প্রকৌশল বিভাগ | সহকারী প্রকৌশলী, জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর, সিলেট সদর, সিলেট সভায় জানান, সমগ্র দেশ নিরাপদ পানি সরবরাহ শীর্ষক প্রকল্পে আওতায় ৮৪ টি পানির উৎস বরাদ্দ পাওয়া গেছে । উক্ত বরাদ্ধের স্থান নির্বাচনের নীতিমালা উর্দ্ধতন কর্তৃপক্ষ কর্তৃক স্থগিত করায় পরবর্তী নির্দেশনা পাওয়ার পর অবগত করা হবে।<br>তিনি আরোও জানান, বন্যায় ক্ষতিগ্রস্থ পানি সরবরাহ ও স্যানিটেশন ব্যবস্থার পুন: নির্মাণে জরুরী সহয়তা প্রকল্প এর বরাদ্ধ ইতোমধ্যেই সকল ইউনিয়নে পাঠানো হয়েছে । স্থান নির্বাচনে উন্মুক্ত স্থানকে অগ্রাধিকার প্রদান এবং প্রতিটি একক পানির উৎস সর্বোচ্চ ১০ টি পরিবারের জন্য ব্যবহৃত হবে । পানির উৎসসমূহ স্থাপনের জন্য তত্ত্বধায়ক/গৃত মালিককে কোনরূপ সহায়ক চাঁদা | ১.১। সমগ্র দেশ নিরাপদ পানি সরবরাহ শীর্ষক প্রকল্পে আওতায় ৮৪ টি পানির উৎসের স্থান নির্বাচন সংক্রান্ত নতুন নীতিমালা পাওয়ার পর ব্যবস্থা গ্রহণ করা হবে।<br>১.২। বন্যায় ক্ষতিগ্রস্থ পানি সরবরাহ ও স্যানিটেশন ব্যবস্থার পুনর্নির্মানে জরুরী সহায়তা প্রকল্পের আওতায় উপকারভোগী/তত্ত্বধায়ক এর তালিকা ইউনিয়ন ওয়াটসান কমিটি কর্তৃক প্রেরণের পর উপকারভোগী যাচাই বাচাই | সহকারী প্রকে জনস্বাস্থ্য/ চেয়ারম্যান (সকল |

| | | | |
|---|---|---|---|
| | প্রদান করতে হবে না । সকল উপকার ভোগী/তত্ত্বধায়ক এর তালিকা ইউনিয়ন ওয়াটসান কমিটি কর্তৃক প্রেরণের পর উপকারভোগী যাচাই বাচাই কমিটি কর্তৃক চুড়ান্ত করা হবে। | কমিটি কর্তৃক চুড়ান্ত করা হবে। ১.৩। উপজেলা পরিষদ কমপ্লেক্সের বিভিন্ন অফিসের পানির সমস্যা স্থায়ী সমাধানে পরিকল্পনা প্রস্তুত করে আগামী সভায় উপস্থাপন করতে হবে। | |
| ২.১৩ পল্লী উন্নয়ন বিভাগ | উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা, সিলেট সদর, সিলেট সভায় সভায় উপস্থিত না থাকায় এ বিভাগ সম্পর্কে অবহিত হওয়া যায়নি। | ১.১ । সভায় নিয়মিত উপস্থিত থাকতে হবে। | উপজেলা পল্লী উন্নয় কর্মকর্তা, সিলেট সদর সিলেট । |
| ২.১৪ খাদ্য বিভাগ | উপজেলা খাদ্য নিয়ন্ত্রক, সিলেট সদর, সিলেট জানান, খাদ্য অধিদপ্তরের আওতায় ওএমএস ও খাদ্য বান্ধব কর্মসূচীর আওতায় বিতরণের লক্ষে প্রদত্ত চালের ডিও প্রাপ্তির ০৩ দিনের মধ্যে খাদ্য গোদাম থেকে চাল সংগ্রহ করতে হবে । তিনি জানান সেপ্টেম্বর, অক্টোবর, নভেম্বর মাসের খাদ্য বান্ধব কর্মসূচীর চাল বিক্রি শুরু হবে ।তিনি সকল ট্যাগ অফিসারদের চাল বিক্রির সময় উপস্থিত থাকার অনুরোধ জানান। | ১.১। খাদ্য বান্ধব কর্মসূচীর আওতায় বিতরণের লক্ষে প্রদত্ত চালের ডিও প্রাপ্তির ০৩ দিনের মধ্যে খাদ্য গোদাম থেকে চাল সংগ্রহ করতে হবে ।ট্যাগ অফিসাদের নিয়মিত তদারকি করতে হবে । সিডিউল প্রত্যেক ইউনিয়নে প্রেরণ করতে হবে। | উপজেলা খাদ নিয়ন্ত্রক ও সংশ্লি সকল, সিলেট সদর সিলেট । |
| ২.১৫ পল্লী সঞ্চয় ব্যাংক | শাখা ব্যবস্থাপক, পল্লী সঞ্চয় ব্যাংক, সিলেট সদর, সিলেট জানান অত্র বিভাগের বিভাগীয় কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে । তিনি জানান পল্লী সঞ্চয় ব্যাংক, সিলেট সদর শাখার লোন আউটস্ট্যান্ডিং ১০ কোটি ৯৪ লক্ষ, গত আগস্ট /২৪ মাসে ঋণ আদায় ২৬ লক্ষ টাকা এবং ঋণ বিতরন ৮.২০ লক্ষ টাকা, সঞ্চয় আদায় ১.১৭ লক্ষ টাকা, খেলাপি ঋণের পরিমাণ প্রায় ৪ কোটি টাকা। | ১.১। ঋণ খেলাপী রোধ করতে ইউপি চেয়ারম্যান (সকল) সার্বিক সহযোগিতা করবেন এবং প্রয়োজনে ঋণ খেলাপীদেও তালিকা প্রস্তুত করে সার্টিফিকেট মামলা করা যেতে পারে। | শাখা ব্যবস্থাপক পল্লী সঞ্চ ব্যাংক |
| ২.১৬ বন বিভাগ | ফরেস্ট রেঞ্জার, সিলেট রেঞ্জ, সিলেট সভায় উপস্থিত না থাকায় এ বিভাগ সম্পর্কে অবহিত হওয়া যায় নি । | ১.১। সভায় সর্বসম্মতিক্রমে উপজেলা রেঞ্জ বন কর্মকর্তাকে সভায় অনুপস্থিত থাকার কারণ দর্শানোর সিদ্ধান্ত গৃহিত হয়। | উপজেলা নির্বাহী অফিসার, সিলে সদর, সিলেট। |
| ২.১৭ যুব উন্নয়ন বিভাগ | উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা, সিলেট সদর, সিলেট সভায় জানান, যুব উন্নয়ন অধিদপ্তর চলতি ২০২৪- ২৫ অর্থ বছরে রাজস্ব খাত থেকে বিভিন্ন ট্রেডে সাত দিনব্যাপী অপ্রাতিষ্ঠানিক প্রশিক্ষণ কোর্স শুরু হবে। মোট ১৪ ব্যাচ প্রশিক্ষণ দেওয়া হবে। চলতি মাসের ২২ তারিখ থেকে প্রথম ব্যাচ শুরু হবে। চলতি মাসে দুইজন উদ্যোক্তাকে যুব ঋণের তহবিল হতে ২ লক্ষ টাকা করে ৪ লক্ষ টাকা প্রদান করা হয়েছে। পাঁচ জন প্রশিক্ষিত যুবক ও যুব নারীদের মধ্যে তিন লক্ষ পঞ্চাশ হাজার টাকা বিতরণ করা হয়েছে। | ১.১) যুব উন্নয়ন অধিদপ্তরের আওতায় ঋণ বিতরণ কার্যক্রম সুষ্ঠ ভাবে সম্পন্ন করতে হবে এবং ঋণ আদায় কার্যক্রম তদারকি করতে হবে । সমন্বয়ের মাধ্যমে প্রশিক্ষণের তারিখ নির্ধারণ করতে হবে। | উপজেলা যুব উন্নয় কর্মকর্তা ও সংশ্লি সকল, সদ সিলেট |
| ২.১৮ সমবায় বিভাগ | উপজেলা সমবায় কর্মকর্তা, সিলেট সদর, সিলেট জানান বিভাগীয় কার্যক্রম স্বাভাবিক ভাবে চলছে। | ১.১) বিভাগীয় কার্যক্রমের ধারাবাহিকতা অব্যাহত রাখতে হবে। | উপজেলা সমব কর্মকর্তা ও সংশ্লি সকল, সদর, সিলেট |
| ২.১৯ উপজেলা নির্বাচন অফিস | উপজেলা নির্বাচন অফিসার,সিলেট সদর, সিলেট সভায় জানান, ভোটার নিবন্ধনের জন্য জন্মনিবন্ধন সার্টিফিকেট প্রয়োজন হয় ।জন্মনিবন্ধন যাচাইকালে অনেক সমস্যা পাওয়া যায় । তিনি সকল ইউনিয়ন পরিষদ চেয়ারম্যানদের জন্মনিবন্ধন সার্টিফিকেট প্রদানে সতর্ক থাকার অনুরোধ জানান । | ১.১) আইনের বাহিরে কোন কাজ করা যাবে না, জন্মনিবন্ধন সার্টিফিকেটে সমস্যা পাওয়া গেলে স্ব স্ব ইউনিয়নে চিঠি দিতে হবে। | উপজেলা নির্বাচ কর্মকর্তা ও সংশ্লি সকল । |
| ৩ কমিটির সুপারিশ পর্যালোচনা | সভায় উপজেলা নির্বাহী অফিসার উপজেলা পরিষদের ভাইস চেয়ারম্যান ও মহিলা ভাইস চেয়ারম্যান পদ অপসারণ হওয়ায় ১৭ টি কমিটির কার্যক্রম আপাতত পরবর্তী নির্দেশনা না পাওয়া পর্যন্ত স্থগিত রাখার প্রস্তাব উপস্থাপন করেন। | উপজেলা পরিষদের ভাইস চেয়ারম্যান ও মহিলা ভাইস চেয়ারম্যান পদ অপসারণ হওয়ায় ১৭ টি কমিটির কার্যক্রম আপাতত পরবর্তী নির্দেশনা না পাওয়া পর্যন্ত স্থগিত রাখার সিদ্ধান্ত গৃহীত হয়। | সভাপতি ও সদ সচিব, সংশ্লিষ্ট কমি সিলেট সদর, সিলেট |

| | | | |
|---|---|---|---|
| ৪। নতুন সার্কুলার, প্রজ্ঞাপন | নতুন সার্কুলার, প্রজ্ঞাপন, বিধি অগ্রগতির বিষয়ে আলোচনাকালে অদ্য সভার সভাপতি ও উপজেলা নির্বাহী অফিসার পরিবেশ দূষণ নিয়ন্ত্রণকল্পে মন্ত্রণালয়/বিভাগ এবং আওতাধীন দপ্তর/সংস্থাসমূহে তালিকাভুক্ত সিঙ্গেল ইজ প্লাসিক (SUP) এর ব্যবহার বন্ধ করার লক্ষ্যে প্রস্তাবিত বিকল্প পণ্য সামগ্রী ব্যবহার সংক্রান্ত মন্ত্রিপরিষদ বিভাগের ০৫ সেপ্টেম্বর ২০২৪ খ্রি: তারিখের ০৪.০০.০০০০.৪১৬.৯৯.০০১.২৩.৪৭৫ নং স্মারকে প্রাপ্ত পত্র পাঠ করে শুনান। | সভায় তালিকাভুক্ত সিঙ্গেল ইজ প্লাসিক (SUP) এর ব্যবহার বন্ধ করার লক্ষ্যে প্রস্তাবিত বিকল্প পণ্য সামগ্রী ব্যবহারের সিদ্ধান্ত গৃহীত হয়। | প্রশাসক, পরিষদ/উপ নির্বাহী সিলেট সদ |
| ৫। উপজেলা পরিচালন ও উন্নয়ন প্রকল্প | ইউডিএফ, উপজেলা পরিচালন ও উন্নয়ন প্রকল্প, সদর, সিলেট জানান, সিলেট সদর উপজেলা পরিষদের পঞ্চবার্ষিকী পরিকল্পনা প্রনোয়ন করার লক্ষ্যে সকল ইউনিয়ন পরিষদ ও দপ্তর হতে চাহিত ছক মোতাবেক আগামী পাঁচ বছরের তথ্য প্রদানের অনুরোধ জানান। | ১.১)উপজেলা পরিষদের পঞ্চবার্ষিকী পরিকল্পনা প্রণয়নের জন্য গত সভায় কমিটি গঠন করা হয়েছে আগামী সভার পূর্বে চাহিত ছক মোতাবেক তথ্য প্রদান করতে হবে। | উপজেলা অফিসার, ও সংশ্লি সিলেট সদ |
| ০৬। বিবিধ | বিবিধ-১:- আলোচনাকালে উপজেলা নির্বাহী অফিসার জানান, পরিবেশ দূষণ নিয়ন্ত্রণকল্পে সিলেট সদর উপজেলা পরিষদের সিঙ্গেল ইজ প্লাসিক (SUP) এর ব্যবহার বন্ধ করার লক্ষ্যে মাসিক সভায় পানি সরবরাহের জন্য কাঁচের গ্লাস ও জগ এবং পরিবেশ বান্ধব ফাইল ফোল্ডার ক্রয়ের প্রস্তাব করেন।<br>আলোচনাকালে তিনি উপজেলা পরিষদের বিভিন্ন সভা ও অফিসে আগত জনসাধারণের নিরাপদ খাবার পানির জন্য পানির ফিল্টার ক্রয়ের প্রস্তাব করেন। এ ব্যাপারে উপজেলা নির্বাহী অফিসার উপজেলা প্রকৌশলীর দৃষ্টি আকর্ষন করিলে তিনি ইউনিলিভার পিউর ইট ভাইটাল ম্যাক্স মডেলের ফিল্টার ক্রয় বাবদ ৩০,৫০০/-(ত্রিশ হাজার পাঁচশত) টাকার প্রাক্কলন উপস্থাপন করেন।<br><br>বিবিধ-০২:-আলোচনাকালে খাদিমনগর ইউনিয়ন পরিষদ চেয়ারম্যান বলেন, বিদ্যুতের লোড শেডিং এর সমস্যার কারণে প্রায় সময় উপজেলা পরিষদ সভাকক্ষের সভায় বিঘ্ন ঘটে। তিনি উপজেলা পরিষদ সভা কক্ষে স্যোলার প্যানেল (সৌর বিদুৎ) স্থাপনের প্রস্তাব করেন। উক্ত প্রস্তাবে উপস্থিত সকলে সহমত পোষন করেন।<br>আলোচনাকালে উপজেলা নির্বাহী অফিসার উপজেলা নির্বাহী অফিসারের বাসভবনে সোলার প্যানেল স্থাপনের প্রস্তাব করেন।<br><br>বিবিধ-০৩:- আলোচনাকালে উপজেলা নির্বাহী অফিসার জানান, আসন্ন শারদীয় দূর্গা পূজা-২০২৪ এ সিলেট সদর উপজেলা ৪৩ টি পূজা মন্ডপে অনুষ্ঠিত হবে। প্রত্যেকটি মন্ডপে সিসি টিভি স্থাপনের জন্য নির্দেশনা পাওয়া গেছে।<br><br>আলোচনাকালে খাদিমনগর ইউপি চেয়ারম্যান জানান, খাদিমনগর ইউপিস্থ ০৬ টি মন্ডপ ছাড়া বাকি সকল মন্ডপে সিসি টিভি লাগানো হয়েছে। উক্ত ০৬ টি মন্ডপে সিসিটিভি স্থাপনের প্রস্তাব করেন।<br>টুকেরবাজার ইউপি টুকেরবাজার ইউপিস্থ ০২ টি মন্ডপ ছাড়া বাকি সকল মন্ডপে সিসি টিভি লাগানো হয়েছে। উক্ত ০২ টি মন্ডপে সিসিটিভি স্থাপনের প্রস্তাব করেন।<br>এ ব্যাপারে উপজেলা নির্বাহী অফিসার উপজেলা প্রকৌশলীর দৃষ্টি আকর্ষন করিলে তিনি গত সভার সিদ্ধান্ত মোতাবেক উপজেলা পরিষদের অভ্যন্তরে স্থাপিত সিসিটিভির লাইন ও ক্যামেরা সংস্কার/মেরামত সহ সিলেট সদর উপজেলাস্থ ০৮ টি মন্দিরে | ০১) সভায় সর্বসম্মতিক্রমে পরিবেশ দূষণ নিয়ন্ত্রণকল্পে সিলেট সদর উপজেলা পরিষদের সিঙ্গেল ইজ প্লাসিক (SUP) এর ব্যবহার বন্ধ করার লক্ষ্যে মাসিক সভায় পানি সরবরাহের জন্য কাঁচের গ্লাস ও জগ এবং পরিবেশ বান্ধব ফাইল ফোল্ডার ক্রয় বাবদ ২৫০০০/-(পঁচিশ হাজার) টাকা রাজস্ব তহবিলের আসবাবপত্র খাত হতে খরচের সিদ্ধান্ত গৃহীত হয়।<br>০২) সভায় উপজেলা পরিষদের বিভিন্ন সভা ও অফিসে আগত জনসাধারণের নিরাপদ খাবার পানির জন্য ইউনিলিভার পিউর ইট ভাইটাল ম্যাক্স মডেলের ফিল্টার ক্রয় বাবদ ৩০,৫০০/-(ত্রিশ হাজার পাঁচশত)টাকার প্রাক্কলন অনুমোদিত হয় এবং উক্ত কাজ বিল ভাউচারের মাধ্যমে রাজস্ব তহবিলের পানির লাইন মেরামত খাত হতে বাস্তবায়নের সিদ্ধান্ত গৃহীত হয়।<br><br>০২) সভায় সর্বসম্মতিক্রমে উপজেলা পরিষদ সভাকক্ষ ও উপজেলা নির্বাহী অফিসারের বাসভবনে সোলার প্যানেল স্থাপনের সিদ্ধান্ত গৃহীত হয়। এ বিষয়ে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য উপজেলা প্রকৌশলীর দৃষ্টি আকর্ষন করা হয়।<br>০৩) সভায় উপজেলা পরিষদের অভ্যন্তরে স্থাপিত সিসিটিভির লাইন ও ক্যামেরা সংস্কার/মেরামত সহ সিলেট সদর উপজেলাস্থ ০৮ টি মন্দিরে সিসিটিভি প্রদান -২,০০,০০০/-(দুই লক্ষ) টাকার প্রাক্কলন অনুমোদিত হয় এবং উক্ত কাজ প্রকল্প বাস্তবায়ন কমিটির মাধ্যমে বাস্তবায়নের সিদ্ধান্ত গৃহীত হয়। | প্রশাসক, পরিষদ/ নির্বাহী সিলেট সিলেট |

৪

| | | | |
|---|---|---|---|
| | সিসিটিভি প্রদান বাবদ উক্ত কাজের প্রাক্কলিত ব্যয় ২,০০,০০০/- (দুই লক্ষ) টাকা নির্ধারণ পূর্বক বিধি মোতাবেক প্রকল্প বাস্তবায়ন কমিটির মাধ্যমে বাস্তবায়নের প্রস্তাব করেন। | | - |

অতপর সভায় আর কোন আলোচনা না থাকায় সভাপতি উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

02/10/24

নাছরীন আক্তার
সভাপতি
ও
প্রশাসক, উপজেলা পরিষদ
সিলেট সদর, সিলেট।
তারিখ: ০২/১০/২০২৪ খ্রিঃ।

স্মারক নং:-৪৬.৪৫.৯১৬২.০০০.০২.০০১.১৯. ৬৭ (৩০)

অনুলিপি সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহনের জন্য প্রেরণ করা হলো।

১। সচিব, স্থানীয় সরকার বিভাগ, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়।
৩। পরিচালক, স্থানীয় সরকার, সিলেট বিভাগ, সিলেট।
৪। জেলা প্রশাসক, সিলেট।
৫। উপজেলা ------------------------------------কর্মকর্তা (সংশ্লিষ্ট সকল), সিলেট সদর, সিলেট।
৬। চেয়ারম্যান,----------------------- ---------------ইউ/পি (সকল) সিলেট সদর, সিলেট।
৭। জনাব/বেগম,-----------------------------------সিলেট সদর, সিলেট।
০৮। অফিস নথি।

02/10/24

উপজেলা নির্বাহী অফিসার
সিলেট সদর, সিলেট।

পরিশিষ্ট-ক

সভায় উপস্থিত সদস্যবৃন্দের নামের তালিকাঃ (স্বাক্ষরের ক্রমানুসারে)

| | | |
|---|---|---|
| ০১) | জনাব মো: মানিক মিয়া | চেয়ারম্যান, ১নং জালালাবাদ ইউপি, সিলেট সদর, সিলেট। |
| ০২) | জনাব রফিকুজ্জামান | চেয়ারম্যান, ২নং হাটখোলা ইউপি, সিলেট সদর, সিলেট। |
| ০৩) | জনাব দিলোয়ার হোসেন | চেয়ারম্যান, ৩নং খাদিমনগর ইউপি, সিলেট সদর, সিলেট। |
| ০৪) | জনাব বদরুল ইসলাম আজাদ | চেয়ারম্যান,৪নং খাদিমপাড়া ইউপি, সিলেট সদর, সিলেট। |
| ০৫) | জনাব শফিকুর রহমান | চেয়ারম্যান, ৬নং টুকেরবাজার ইউপি, সিলেট সদর, সিলেট। |
| ০৬) | জনাব নেছার মিয়া | চেয়ারম্যান (ভারপ্রাপ্ত), ৭নং মোগলগাঁও ইউপি, সিলেট সদর, সিলেট। |
| ০৭) | জনাব মো: আব্দুল মনাফ | চেয়ারম্যান, ৮নং কান্দিগাঁও ইউপি, সিলেট সদর, সিলেট। |
| ০৮) | জনাব অপূর্ব লাল সরকার | উপজেলা কৃষি অফিসার, সিলেট সদর, সিলেট। |
| ০৯) | ডা: নাহিদ আরজুমান বানু | উপজেলা প্রাণিসম্পদ কর্মকর্তা, সিলেট সদর, সিলেট |
| ১০) | জনাব আবুল মনসুর আসজাদ | উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তা, সিলেট সদর, সিলেট। |
| ১১) | ডা: আনিসুল হক | প্রতিনিধি, উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তা, সিলেট সদর, সিলেট। |
| ১২) | জনাব মুহাম্মদ হিরণ | উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা, সিলেট সদর, সিলেট। |
| ১৩) | জনাব মো: হাসানুজ্জামান | উপজেলা প্রকৌশলী, সিলেট সদর, সিলেট। |
| ১৪) | জনাব অভিজিৎ কুমার পাল | উপজেলা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তা, সিলেট সদর, সিলেট। |
| ১৫) | জনাব আব্দুল জলিল তালুকদার | উপজেলা শিক্ষা অফিসার, সিলেট সদর, সিলেট। |
| ১৬) | জনাব মো: ইকরামুল কবির | প্রতিনিধি,উপজেলা সমাজসেবা অফিসার, সিলেট সদর, সিলেট। |
| ১৭) | জনাব মোহাম্মদ মনির হোসেন | উপজেলা সমবায় কর্মকর্তা, সিলেট সদর, সিলেট। |
| ১৮) | জনাব মোহাম্মদ লায়েছ মিয়া তালুকদার | সহকারী প্রকৌশলী (জনস্বাস্থ্য), সিলেট সদর, সিলেট।০ |
| ১৯) | জনাব মো: আব্দুল আহাদ | উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা, সিলেট সদর, সিলেট। |
| ২০) | জনাব কামরুল ইসলাম | উপজেলা খাদ্য নিয়ন্ত্রক, সিলেট সদর, সিলেট। |
| ২১) | মিজ্ শারমিন আক্তার | সিনিয়র অফিসার, পল্লী সঞ্চয় ব্যাংক, সিলেট সদর, সিলেট। |
| ২২) | জনাব মোহাম্মদ এমরান হোসেন | ইউডিএফ, সিলেট সদর, সিলেট। |
| ২৩) | জনাব মোহাম্মদ ফরহাদ হোসেন | উপজেলা নির্বাচন অফিসার, সিলেট সদর, সিলেট। |
| ২৪) | মিজ্ মরিয়ম আক্তার | তথ্য সেবা কর্মকর্তা, সিলেট সদর, সিলেট। |

সভায় অনুপস্থিত সদস্যবৃন্দের নামের তালিকাঃ (স্বাক্ষরের ক্রমানুসারে)

| | | |
|---|---|---|
| ০১) | জনাব দ্বিজরাজ বর্মন | সিনিয়র উপজেলা মৎস কর্মকর্তা, সিলেট সদর, সিলেট। |
| ০২) | মিজ্ শামছুন্নাহার | প্রোগ্রাম অফিসার, মহিলা বিষয়ক অধিদপ্তর, সিলেট। |
| ০৩) | মিজ্ ফরিদা আক্তার | প্রতিনিধি, উপজেলা আনসার ও ভিডিপি কর্মকর্তা, সিলেট সদর, সিলেট।. |
| ০৪) | জনাব পাবেল সরকার | উপজেলা পল্লী উন্নয়ন অফিসার, সিলেট সদর, সিলেট। |